

## সি ক্যাটাগরি রেজিস্ট্রেশন সনদ সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের কার্যক্রম অধিকতর গতিশীল এবং ডিজিটাইজেশনের স্বার্থে আগামী ১৮ মার্চ ২০২০ থেকে “সি” ক্যাটাগরির রেজিস্ট্রেশন সনদের জন্য আবেদনপত্র গ্রহণ ও মূল রেজিস্ট্রেশন সনদ বিতরণ বন্ধ থাকবে। পরবর্তীতে “সি” ক্যাটাগরির রেজিস্ট্রেশন সনদের আবেদনপত্র গ্রহণ ও সনদ বিতরণের তারিখ কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের এ/বি/সি ক্যাটাগরির রেজিস্ট্রেশন আবেদনপত্র ও রশিদ, নবায়নের আবেদনপত্র এবং ডিপ্লোমা-ইন-ফার্মেসীর সনদপত্রের আবেদনপত্র জমা দেয়ার সময়ঃ

সকাল ১১ টা থেকে বিকাল ০৪ টা

কাউন্সিল কর্তৃক এ/বি/সি ক্যাটাগরির রেজিস্ট্রেশন রশিদ, সনদ, নবায়ন এবং ডিপ্লোমা-ইন-ফার্মেসীর সনদপত্র বিতরণের সময়ঃ

কাউন্সিল কর্তৃক নির্ধারিত তারিখ  
দুপুর ০২ টা থেকে বিকাল ০৪ টা



# বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল

রাহাত টাওয়ার, ১৪ লিংক রোড, পশ্চিম বাংলামোটর, ঢাকা- ১০০০

ওয়েবসাইটঃ www.pcb.gov.bd, ই-মেইলঃ info@pcb.gov.bd

## “বিজ্ঞপ্তি”

এতদ্বারা বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল কর্তৃক প্রদত্ত এ, বি, সি ক্যাটাগরীর রেজিস্ট্রেশনধারী সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নে উল্লিখিত মূল রেজিস্ট্রেশন সনদ বিতরণের জন্য তৈরী রয়েছে।

রেজিস্ট্রেশন ক্যাটাগরী	রেজিস্ট্রেশন নম্বর
এ	০০০০১-১৫৯৮৪
বি	০০০১-৪৬৭৫
সি	০০০০১-১১০৮২৮

ফার্মেসী আইন ২০১৩ (বিশেষ বিধান) ফার্মেসী অধ্যাদেশ ১৯৭৬ এর ধারা ৩০ অনুযায়ী প্রাকটিস স্থানে (ওষুধের দোকান/ফার্মেসী) নিয়োগকৃত ব্যক্তির রেজিস্ট্রেশন সনদ সহজে দৃষ্টিগোচর এরূপ স্থানে প্রদর্শন করতে হয়। কিন্তু নিবন্ধন করার পরেও রেজিস্ট্রেশনধারী ব্যক্তিগণ তার মূল রেজিস্ট্রেশন সনদটি ফার্মেসী কাউন্সিল থেকে উত্তোলন করে নাই যা আইনের সুস্পষ্ট লঙ্ঘন। উল্লেখ্য যে, মেয়াদ উত্তীর্ণ রেজিস্ট্রেশন সনদের কোন কার্যকারিতা থাকে না।

এমতাবস্থায়, আইনি জটিলতা এড়াতে আপনার রেজিস্ট্রেশন সনদটি অতিসত্ত্বর বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল থেকে উত্তোলন এবং সনদ প্রাপ্তদের মেয়াদোত্তীর্ণ সনদপত্রটি নবায়নের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

মুহাম্মদ মাহবুবুল হক  
সচিব  
বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল

## ‘সি’ ক্যাটাগরি রেজিস্ট্রেশন সনদপত্রের আবেদন সংক্রান্ত

এতদ্বারা বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল কর্তৃক পরিচালিত ফার্মেসী সার্টিফিকেট রেজিস্ট্রেশন পরীক্ষায় পাসকৃতদের ‘সি’ ক্যাটাগরি রেজিস্ট্রেশন সনদপত্রের আবেদনের জন্য নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

### সংযুক্তিঃ

১. নির্ধারিত আবেদন ফরম
২. প্রবেশপত্রের কপি
৩. এস.এস.সি/সমমানের সনদপত্রের সত্যায়িত অনুলিপি
৪. দুই কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (ছবিতে দুটি কান স্পষ্ট দেখা যেতে হবে এবং ছবি ল্যাব প্রিন্ট হতে হবে)।
৫. জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি
৬. ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকার পে-অর্ডার বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের অনুকূলে
৭. ড্রাগ লাইসেন্সের কপি (৪৮-তম ব্যাচসহ তার পরবর্তী ব্যাচের ক্ষেত্রে প্রযোজ্য)
৮. ফার্মেসীর প্যাডের উপর মনোনয়নপত্র (৪৮-তম ব্যাচসহ তার পরবর্তী ব্যাচের ক্ষেত্রে প্রযোজ্য)

(বি.দ্রঃ উল্লেখিত সনদপত্র ও আনুষঙ্গিক কাগজপত্রাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে এবং সেই সাথে সনদপত্র ও আনুষঙ্গিক কাগজপত্রাদির মূল কপি ফার্মেসী কাউন্সিলের সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট উপস্থাপন করতে হবে)

## ‘সি’ ক্যাটাগরি রেজিস্ট্রেশন সনদপত্র উত্তোলন সংক্রান্ত

‘সি’ ক্যাটাগরির রেজিস্ট্রেশন মূল সনদ উত্তোলনের জন্য নিম্নলিখিত কাগজপত্রাদী জমা দিতে হবেঃ

১. রেজিস্ট্রেশন মূল রশিদ
২. দুই কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজ ছবি (ছবিতে দুটি কান স্পষ্ট দেখা যেতে হবে এবং ছবি ল্যাব প্রিন্ট হতে হবে)।

বিঃদ্রঃ মূল সনদ উত্তোলনের সময় রেজিস্ট্রেশনধারী ব্যক্তির স্ব-শরীরে উপস্থিত থাকা আবশ্যিক। বিশেষ ক্ষেত্রে (বিদেশে অবস্থান) রেজিস্ট্রেশনধারী ব্যক্তি উপস্থিত হতে অসমর্থ হলে তাঁর পক্ষে বাংলায় লিখিত কর্তৃত্ব প্রদানপত্র ([Authorization letter](#)) এবং মনোনীত ব্যক্তির (মা-বাবা অথবা স্বামী-স্ত্রী) জাতীয় পরিচয়পত্র উপস্থাপন সাপেক্ষে মূল সনদ বিতরণ করা হবে।

কর্তৃত্ব প্রদানপত্রের ([Authorization letter](#)) নমুনার জন্য এখানে ক্লিক করুন